

পরীক্ষা ছাড়াই
শাবিতে ভর্তি
হওয়ার
সুযোগ

স্টাফ রিপোর্টার, সিলেট অফিস।
ভর্তি পরীক্ষা ছাড়াই শাহজালাল
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে
(শাবি) ভর্তির সুযোগ দেয়া
হচ্ছে। মঙ্গলবার এক সংবাদ
সংগোলনে এ ঘোষণা দিয়েছেন
বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির
সভাপতি প্রফেসর নারায়ণ
সাহা।

তিনি বলেছেন, আন্তর্জাতিক
গণিত অলিম্পিয়াড, আন্তর্জাতিক
ইনফরম্যাটিক্স অলিম্পিয়াড,
আন্তর্জাতিক পদার্থবিজ্ঞান
অলিম্পিয়াড এবং অন্যান্য গুরুত্ব
আন্তর্জাতিক অলিম্পিয়াডে স্বর্ণ,
রৌপ্য অথবা ব্রোঞ্জ মেডেলপ্রাপ্ত
ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষা ছাড়াই
তাদের পছন্দমতো বিষয়ে ভর্তির
সুযোগ পাবেন।